


স্মারক নম্বর: ৩১.১০.০৬০০.১০৯.৪৫.০০৩.২৩. ১৩৫

তারিখ: ০৮ পৌষ ১৪৩২  
২৩ ডিসেম্বর ২০২৫

### “গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪/২২-২৩ নম্বর এলএ কেসের মাধ্যমে “ফরিদপুর-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী-কুয়াকাটা জাতীয় মহাসড়ক ০৪ লেনে উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার (১) জেএল ৩৭ নম্বর নন্দপাড়া মৌজার ৩.৯৬২৫ একর, (২) জেএল ৩৮ নম্বর বাহাদুরপুর মৌজার ০.০১৩১ একর, (৩) জেএল ৪৬ নম্বর ভরপাশা মৌজার ৩.২৯৭৬ একর, (৪) জেএল ৪৭ নম্বর আতাকাটি মৌজার ০.০৯২২ একর, (৫) জেএল ৪৮ নম্বর পশ্চিম লক্ষ্মীপাশা মৌজার ০.৭০৭১ একর, ও (৬) জেএল ৪৯ নম্বর দুখলমৌ মৌজার ১.৫৯৮৫ একর মোট ৯.৬৭১০ একর জমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৪(৩)(ক) ও ৪(৩)(খ) ধারামতে যৌথ তদন্তের ফিল্ডবই প্রস্তুত করা হয়েছে। উক্ত যৌথ তালিকায় অবকাঠামো/ঘরবাড়ী/গাছপালা বা জমির দখল সংক্রান্ত কোন বিষয়ে ক্ষতিগ্রস্ত মালিকের কোন আপত্তি থাকলে আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল/জেলা প্রশাসক, বরিশাল মহোদয় বরাবর আবেদন/আপত্তি দাখিল করা যাবে।

  
২৩/১২/২০২৫  
(সমষ্টি রায়)

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
বরিশাল

ফোন নম্বর: ০৪৩১-৬৪৪৯৩

ই-মেইল : laobarishal@gmail.com

  
২৩/১২/২৫

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. বিভাগীয় কমিশনার, বরিশাল।
০২. জেলা প্রশাসক, বরিশাল।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৫. ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ভরপাশা/রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল (ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভরপাশা/রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল (নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।
০৭. সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় প্রকাশের জন্য।